



খন্দকার জহিরুল ইসলাম
দলনেতা (অতিরিক্ত সচিব)
গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
টেলিফোনঃ ০২-২২৬৬৬৬৬০১
ইমেইলঃmuspecialcell36@gmail.com

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা সংক্রান্ত গণবিজ্ঞপ্তি

সরকার জুলাই-আগস্টের ঐতিহাসিক ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে শহীদদের চূড়ান্ত তালিকা প্রণয়ন করতে 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' গঠন করেছে। ইতোমধ্যে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগ কর্তৃক সরকারি-বেসরকারি হাসপাতাল ও জেলা কমিটির মাধ্যমে প্রাপ্ত শহীদদের নামের তালিকা www.hsd.gov.bd এবং www.dghs.gov.bd ওয়েব পেজ দুটিতে প্রকাশ করা হয়েছে।

গণঅভ্যুত্থানকালীন ১৫ জুলাই ২০২৪ হতে ৫ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ছাত্র-জনতার আন্দোলনে সম্পৃক্ত হয়ে নিহত বা নিখোঁজ হয়েছেন বা বেওয়ারিশ লাশ হিসেবে দাফন করা হয়েছে বা আহত হয়ে চিকিৎসাধীন থাকাবস্থায় মারা গিয়েছেন বা আন্দোলনে সম্পৃক্ত থেকে অন্য কোন ভাবে মৃত্যুবরণ করেছেন কিন্তু উল্লিখিত তালিকায় নাম অন্তর্ভুক্ত হয়নি এমন ব্যক্তির নাম তালিকাভুক্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে।

উল্লেখ্য যে, সংশ্লিষ্ট মৃত/নিখোঁজ ব্যক্তির জাতীয় পরিচয়পত্র বা জন্ম নিবন্ধন সনদ, স্থায়ী ও বর্তমান ঠিকানা এবং উপযুক্ত প্রমাণকসহ তাঁর পরিবারের সদস্য বা আত্মীয়কে সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা বিশেষ সেল এর দলনেতা বরাবর আবেদন করতে হবে। আগামী ১২/১১/২০২৪ তারিখ হতে ২৪/১১/২০২৪ তারিখ পর্যন্ত আবেদন সংশ্লিষ্ট জেলা প্রশাসক অথবা সরাসরি - ২য় তলা, ভবন নং - ২, বিএসএল অফিস কমপ্লেক্স (হোটেল ইন্টারকন্টিনেন্টাল), ১ মিন্টু রোড, ঢাকা - ১০০০ এ ঠিকানায় পাঠানো যাবে। তবে, ই-মেইলে আবেদন muspecialcell36@gmail.com ঠিকানায় পাঠাতে হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্য সেবা বিভাগের 'গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল' এর এক গণবিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

খন্দকার জহিরুল ইসলাম
দলনেতা (অতিরিক্ত সচিব)
গণঅভ্যুত্থান সংক্রান্ত বিশেষ সেল